গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
জরুরি সাড়াদান কেন্দ্র (ইওসি)
৯২-৯৩, মহাখালী বা/এ, ঢাকা-১২১২
www.ddm.gov.bd

তারিখ: ১৭ ভাদ্র ১৪৩১ বঙ্গাব্দ
০১ সেপ্টেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.২৩.২৩৪

বিষয়: **দুর্যোগ সংক্রান্ত দৈনিক প্রতিবেদন।**

১। আবহাওয়ার সতর্কবার্তা:
সমুদ্র বন্দরসমূহের জন্য কোন সতর্ক বার্তা নেই এবং কোন সতর্ক সংকেত দেখাতে হবে না।

২। আজ ০১ সেপ্টেম্বর ২০২৪ তারিখ সকাল ০৯:৪৫ টা থেকে সন্ধ্যা ০৬ টা পর্যন্ত দেশের অভ্যন্তরীণ নদীবন্দরসমূহের জন্য আবহাওয়ার পূর্বাভাসঃ
দেশের অভ্যন্তরীণ নদী বন্দরসমূহের জন্য কোন সতর্ক বার্তা নেই এবং কোন সতর্ক সংকেত দেখাতে হবে না।

৩। আজ ০১ সেপ্টেম্বর, ২০২৪ খ্রিঃ তারিখ সকাল ০৯ টা থেকে পরবর্তী ৭২ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাস:

সিনপটিক অবস্থা: উত্তর অন্ধ্র-দক্ষিণ উড়িষ্যা উপকূলীয় এলাকার অদূরে পশ্চিম-মধ্য বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন উত্তর-পশ্চিম বঙ্গোপসাগর এলাকায় অবস্থানরত মৌসুমী নিম্নচাপটি উত্তর-পশ্চিম দিকে অগ্রসর হয়ে আজ (০১ সেপ্টেম্বর, ২০২৪) ভোর রাত ০১-০৩ কলিংগো পাত্তাম-এর নিকট দিয়ে উত্তর অন্ধ্র-দক্ষিণ উড়িষ্যা উপকূল অতিক্রম করেছে। এটি আরো উত্তরপশ্চিম দিকে অগ্রসর হতে পারে। মৌসুমী বায়ুর অক্ষের বর্ধিতাংশ রাজস্থান, মধ্য প্রদেশ, নিম্নচাপের কেন্দ্রস্থল, গাঙ্গেয় পশ্চিমবঙ্গ ও বাংলাদেশ হয়ে আসাম পর্যন্ত বিস্তৃত রয়েছে। মৌসুমী বায়ু বাংলাদেশের উপর কম সক্রিয় এবং উত্তর বঙ্গোপসাগরে মাঝারী অবস্থায় রয়েছে।

পূর্বাভাসঃ
প্রথম দিন (০১.০৯.২০২৪ তারিখ সকাল ০৯ টা থেকে):
বৃষ্টিপাত: রংপুর, ময়মনসিংহ, চট্টগ্রাম ও সিলেট বিভাগের অনেক জায়গায় এবং রাজশাহী, ঢাকা, খুলনা ও বরিশাল বিভাগের কিছু কিছু জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ হালকা থেকে মাঝারী ধরনের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সাথে দেশের কোথাও কোথাও মাঝারী ধরনের ভারী বর্ষণ হতে পারে।
তাপমাত্রা: সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা সামান্য হ্রাস পেতে পারে।

দ্বিতীয় দিন (০২.০৯.২০২৪ তারিখ সকাল ০৯ টা থেকে):
বৃষ্টিপাত: রংপুর, ঢাকা, ময়মনসিংহ, চট্টগ্রাম ও সিলেট বিভাগের অনেক জায়গায় এবং রাজশাহী, খুলনা ও বরিশাল বিভাগের কিছু কিছু জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ হালকা থেকে মাঝারী ধরনের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সাথে দেশের কোথাও কোথাও মাঝারী ধরনের ভারী থেকে ভারী বর্ষণ হতে পারে।
তাপমাত্রা: সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে।

তৃতীয় দিন (০৩.০৯.২০২৪ তারিখ সকাল ০৯ টা থেকে):
বৃষ্টিপাত: রংপুর, ঢাকা, ময়মনসিংহ, চট্টগ্রাম ও সিলেট বিভাগের অনেক জায়গায় এবং রাজশাহী, খুলনা ও বরিশাল বিভাগের কিছু কিছু জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ হালকা থেকে মাঝারী ধরনের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সাথে দেশের কোথাও কোথাও মাঝারী ধরনের ভারী থেকে ভারী বর্ষণ হতে পারে।
তাপমাত্রা: সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা সামান্য হ্রাস পেতে পারে।

বর্ধিত ৫ (পাঁচ) দিনের আবহাওয়ার অবস্থা: বৃষ্টিপাতের প্রবণতা বৃদ্ধি পেতে পারে

গতকালের সর্বোচ্চ ও আজকের সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেলসিয়াস):

বিভাগের নাম	**ঢাকা**	**রাজশাহী**	**রংপুর**	**ময়মনসিংহ**	**সিলেট**	**চট্টগ্রাম**	**খুলনা**	**বরিশাল**
সর্বোচ্চ তাপমাত্রা	৩৪.৭	**৩৫.৫**	৩৫.২	৩৪.৫	৩৪.৫	৩৫.০	**৩৪.৬**	৩৫.৫
সর্বনিম্ন তাপমাত্রা	২৬.০	২৭.০	**২৪.৪**	২৬.৫	২৫.০	২৫.০	২৬.৪	২৭.২

গতকাল দেশের সর্বোচ্চ তাপমাত্রা ছিল রাজশাহী ও ঈশ্বরদী ৩৫.৫^{o} সে. এবং আজকের সর্বনিম্ন তাপমাত্রা দিনাজপুর ২৪.৪^{o} সে।
(তথ্যসূত্রঃ বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, ঢাকা)।

৪। এক নজরে নদ-নদীর পরিস্থিতি ও পূর্বাভাসঃ
(১৭ ভাদ্র, ১৪৩১ বঙ্গাব্দ / ০১ সেপ্টেম্বর, ২০২৪ খ্রিঃ)

- ব্রহ্মপুত্র নদ ও পদ্মা নদীর পানিসমতল স্থিতিশীল আছে, অপরদিকে যমুনা ও গঙ্গা নদীর পানি সমতল হ্রাস পাচ্ছে, যা আগামী ৪৮ ঘন্টা পর্যন্ত অব্যাহত থাকতে পারে।
- দেশের উত্তরাঞ্চলের তিস্তা, ধরলা ও দুধকুমার নদীসমূহের পানিসমতল সামগ্রিকভাবে স্থিতিশীল আছে, আগামী ৪৮ ঘন্টা পর্যন্ত নদীসমূহের স্বাভাবিক প্রবাহ বিরাজমান থাকতে পারে।
- ধলাই ব্যতীত দেশের উত্তর-পূর্বাঞ্চল ও পূর্বাঞ্চলের প্রধান নদীসমূহের পানি সমতল হ্রাস পাচ্ছে। আবহাওয়া সংস্থাসমূহের তথ্য অনুযায়ী, আগামী ৪৮ ঘন্টায় দেশের উত্তর-পূর্বাঞ্চল ও পূর্বাঞ্চল এবং তৎসংলগ্ন উজানে ভারী বৃষ্টিপাতের পূর্বাভাস নেই। ফলে এ সময় এ অঞ্চলের সুরমা, কুশিয়ারা, মনু, খোয়াই, ধলাই, ফেনী, মুহুরি, গোমতী ইত্যাদি নদীসমূহের পানি সমতল হ্রাস পেতে পারে এবং বিপদসীমার নিচ দিয়ে প্রবাহিত হতে পারে।
- দেশের দক্ষিণ-পূর্বাঞ্চলের প্রধান নদীসমূহের পানি সমতল সামগ্রিকভাবে হ্রাস পাচ্ছে। আবহাওয়া সংস্থাসমূহের তথ্য অনুযায়ী, আগামী ৪৮ ঘন্টায় দেশের দক্ষিণ-পূর্বাঞ্চল ও তৎসংলগ্ন উজানে ভারী বৃষ্টিপাতের পূর্বাভাস নেই। এ সময় এ অঞ্চলের সাঙ্গু, মাতামুহরি, কর্ণফুলি, হালদা ও অন্যান্য প্রধান নদীসমূহের পানি সমতল হ্রাস পেতে পারে।

নদ-নদীর অবস্থা

পর্যবেক্ষণাধীন পানি সমতল স্টেশন	১১৬	গেজ স্টেশন বন্ধ আছে	০০
বৃদ্ধি	৩৪	গেজ পাঠ পাওয়া যায়নি	০০
হ্রাস*	৭৯	মোট তথ্য পাওয়া যায়নি	০০
অপরিবর্তিত	০৩	বিপদসীমার উপরে স্টেশন সংখ্যা	০০
পর্যবেক্ষণকৃত স্টেশনসমূহের তথ্যের ভিত্তিতে			
বিপদসীমার উপরে জেলার সংখ্যা	**০০**	**বিপদসীমার উপরে নদীর সংখ্যা**	**০০**
বিপদসীমার উপরে নদীসমূহের নাম	-		
বিপদসীমার উপরে জেলার নাম	-		

বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত স্টেশন:

ক্রঃ নং	**বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত নদীর নাম**	**বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত পানি সমতল স্টেশনের নাম**	**বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত পানি সমতল জেলার নাম**	**মৌসুমী বিপদসীমা (মিটার)**	**আজকের পানি সমতল (মিটার)**	**বিগত ২৪ ঘন্টায় বৃদ্ধি(+)/হ্রাস(-) (সে.মি.)**	**মৌসুমী বিপদসীমার উপরে (সে.মি.)**
১	-	-	-	-	-	-	-

গত ২৪ ঘন্টায় উল্লেখযোগ্য বৃষ্টিপাত তথ্য

বাংলাদেশের অভ্যন্তরে:

স্টেশন	**বারিপাত (মি.মি.)**	**স্টেশন**	**বারিপাত (মি.মি.)**
সুনামগঞ্জ	১২২.০	ডালিয়া (নীলফামারী)	৮০.০
দিনাজপুর	৬৯.০	কুড়িগ্রাম	৫৯.০
লরেরগড় (সুনামগঞ্জ)	৫৮.০	মহেশখোলা (সুনামগঞ্জ)	৪৮.০

ভারতের উত্তর পূর্বাঞ্চলের সিকিম, অরুণাচল, আসাম, মেঘালয় ও ত্রিপুরা অঞ্চলেঃ

স্টেশন	বারিপাত (মি.মি.)	স্টেশন	বারিপাত (মি.মি.)
কোচবিহার (পশ্চিমবঙ্গ)	১০০.০	গোয়ালপাড়া (আসাম)	৫৩.০
আগরতলা (ত্রিপুরা)	৪৬.০	আইজল (মিজোরাম)	৪৪.০
জলপাইগুড়ি (পশ্চিমবঙ্গ)	৪৪.০	কলিমপং (পশ্চিমবঙ্গ)	৩১.০

৫। সম্প্রতি দেশে সৃষ্ট বন্যা পরিস্থিতি সম্পর্কিত হালনাগাদ তথ্যাদিঃ

ক্র. নং	জেলার নাম	উপদ্রুত উপজেলার সংখ্যা	উপদ্রুত পৌরসভা ও ইউনিয়ন সংখ্যা	পানিবন্দি পরিবার সংখ্যা	ক্ষতিগ্রস্ত লোকসংখ্যা	মৃতের সংখ্যা	আশ্রয়কেন্দ্র খোলার সংখ্যা	মোট আশ্রিত লোক সংখ্যা	আশ্রিত গবাদিপশুর সংখ্যা	মেডিকেল টিম
১	হবিগঞ্জ	৬	৩০	২৮৫	৭৪২৪০	০	১২৫	৬০	০	৪৯
২	ফেণী	৬	৪৮	২১০০০	১০০০০০০	২৩	৭৮	১৬০৯৮	০	৭৬
৩	নোয়াখালী	৮	৮৭	৩৪৮১০৫	২১২৫৫০০	৯	১৩৮৯	২২১৫৮৬	২৩১৩৫	৮৮
৪	ব্রাহ্মণবাড়ীয়া	২	৯	০	৮০০০০	১	১	০	০	০
৫	চট্টগ্রাম	০	০	০	৩৭৫০৮০	৬	৪৮	০	০	২১
৬	কুমিল্লা	১৪	১২৫	১৭৮৬৬২	১০৯০৫৯২	১৪	৭২৪	৭৮৬৭৪	৬৯৪০	২২৫
৭	মৌলভীবাজার	৭	৫১	৫৫৭১৫	২৫৭৯৯৩	১	৮	৫৩৩	৫৫	৬১
৮	খাগড়াছড়ি	৯	৩৮	০	১৪১৭২০	১	৯৯	০	০	১৮
৯	লক্ষ্মীপুর	৫	৬২	১৫৭০০০	৭২৮০০০	১	৪১৭	৩৫৯৯১	৪৩৮৮	৬৪
১০	সিলেট	০	০	০	৬৬২৮৫	০	৬৫১	০	০	১১৮
১১	কক্সবাজার	৬	৩৯	২৯৬৯০	১৪৮৪৫০	৩	৬৩৮	০	০	৩৮
	মোট=	**৬৩**	**৪৮৯**	**৭৯০৪৫৭**	**৬০৮৭৮৬০**	**৫৯**	**৪১৭৮**	**৩৫২৯৪২**	**৩৪৫১৮**	**৭৫৮**

বন্যায় ক্ষতিগ্রস্তদের মাঝে বিতরণের জন্য দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় হতে বরাদ্দকৃত ত্রাণ সামগ্রীর বিবরণঃ

ক্র.নং	জেলার নাম	ত্রাণ কার্য (নগদ) (টাকা)	ত্রাণ কার্য (চাল) (মে.টন)	শুকনা ও অন্যান্য খাবার (প্যাকেট/বস্তা)	শিশু খাদ্য (টাকা)	গো-খাদ্য (টাকা)
১	চট্টগ্রাম	৩৫,০০,০০০/-	২,১০০	-	৫,০০,০০০/-	৫,০০,০০০/-
২	কুমিল্লা	৭৫,০০,০০০/-	২,৬০০	-	-	-
৩	ফেনী	৮২,০০,০০০/-	২,৯০০	৬,০০০	৫,০০,০০০/-	৫,০০,০০০/-
৪	নোয়াখালী	৭৫,০০,০০০/-	২,৬০০	১,০০০	৫,০০,০০০/-	৫,০০,০০০/-
৫	সিলেট	৪৫,০০,০০০/-	২,৬০০	৪,০০০	৫,০০,০০০/-	৫,০০,০০০/-
৬	মৌলভীবাজার	৩০,০০,০০০/-	২,৩৫০	১,০০০		
৭	হবিগঞ্জ	৩৫,০০,০০০/-	২,৪০০	৩,০০০	৫,০০,০০০/-	৫,০০,০০০/-
৮	ব্রাহ্মণবাড়ীয়া	১৫,০০,০০০/-	১,৬০০	-		
৯	লক্ষীপুর	৩০,০০,০০০/-	৫০০	-	৫,০০,০০০/-	৫,০০,০০০/-
১০	খাগড়াছড়ি	১০,০০,০০০/-	৫০০	-		
১১	কক্সবাজার	২০,০০,০০০/-	৫০০	-	৫,০০,০০০/-	৫,০০,০০০/-
	মোট	**৪,৫২,০০,০০০/-**	**২০,৬৫০**	**১৫,০০০**	**৩৫,০০,০০০/-**	**৩৫,০০,০০০/-**

এছাড়া দেশের সকল জেলায় পর্যাপ্ত ত্রাণ সামগ্রী মজুদ রয়েছে।

- বন্যা উপদ্রুত এলাকায় সরকারী বেসরকারীসহ সকল পর্যায় থেকে ত্রাণ বিতরণ অব্যাহত আছে।
- বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের সমন্বয়কগণ কর্তৃক সংগৃহীত মোট ১,৫৯,৪০০ প্যাকেট শুকনা খাবার, কাপড় ও পানি দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর (ডিডিএম) এর মাধ্যমে বন্যা কবলিত এলাকায় প্রেরণ করা হয়েছে। দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর (ডিডিএম) ও বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের সমন্বয়কদের মধ্যে সার্বক্ষণিক যোগাযোগ অব্যাহত রয়েছে।
- দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের মাননীয় উপদেষ্টা শুক্রবার লক্ষীপুর ও নোয়াখালী জেলা এবং শনিবার চট্টগ্রাম জেলার বন্যা কবলিত এলাকা সরেজমিনে পরিদর্শন করেন। উপদেষ্টা মহোদয় আজ (রবিবার) চট্টগ্রামের মিরেরসরাই উপজেলা এবং ফেনী ও কুমিল্লা জেলার বন্যা পরিস্থিতি সরেজমিনে পরিদর্শনরত রয়েছেন।
- বন্যা আক্রান্ত জেলাসমূহের জেলা প্রশাসককে বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের সমন্বয়ক, বাংলাদেশ সেনাবাহিনী, নৌবাহিনী, বিমানবাহিনী, র‍্যাব, পুলিশ, বিজিবি, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, মেডিকেল টিম ও অন্যান্য স্বেচ্ছাসেবকদের সাথে সমন্বয় করে এক সাথে কাজ করার জন্য প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়েছে।
- বন্যা দুর্গত জেলাসমূহের দূরবর্তী স্থানসমূহে সংশ্লিষ্ট সকলের সাথে সমন্বয়ের মাধ্যমে ত্রাণ পৌঁছানোর ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।
- বন্যা আক্রান্ত জেলাসমূহে স্বাস্থ্য সেবা প্রদান করার জন্য ফিল্ড হাসপাতাল প্রস্তুত করা হয়েছে এবং সেনাবাহিনী ও জেলা সিভিল সার্জন কার্যালয়ের চিকিৎসকবৃন্দ সেবা প্রদান করছেন। পাশাপাশি স্থানীয় ক্লিনিক, হাসপাতাল ও স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানগুলোকে বন্যার্তদের প্রয়োজনীয় স্বাস্থ্য সেবা নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসকগণ নির্দেশনা প্রদান করেছেন।
- সশস্ত্রবাহিনী কর্তৃক বন্যা দুর্গত এলাকায় ২,৯২,৬২৫ প্যাকেট ত্রাণ, ২১,৫৬০ প্যাকেট রান্না করা খাবার বিতরণ করা হয়েছে। মোট ৪২,৮৮৬ জনকে উদ্ধার করা হয়েছে এবং ৩২,২৫৬ জনকে স্বাস্থ্যসেবা প্রদান করা হয়েছে। হেলিকপ্টারের মাধ্যমে ১৫৩ জনকে উদ্ধার করে স্বাস্থ্যসেবা প্রদান করা হয়েছে।

সশস্ত্র বাহিনী কর্তৃক পরিচালিত মোট ২৪ টি ক্যাম্প এবং ১৮টি মেডিক্যাল টিম বন্যা উপদ্রুত এলাকায় চিকিৎসা সেবা প্রদান করছেন। এছাড়া খাবার পানি, পানি বিশুদ্ধকরণ ট্যাবলেট, কাপড়, ঔষধ, বেবি ফুড, স্যানিটারী আইটেম ইত্যাদি বিতরণ করা হয়েছে।

- সার্বিকভাবে দেশের বন্যা পরিস্থিতির উন্নতি হওয়ায় আশ্রয়কেন্দ্র থেকে লোকজন নিজ নিজ বাড়িঘরে ফিরছেন। বন্যা দুর্গত জেলাগুলোতে যোগাযোগ ব্যবস্থা স্বাভাবিক হয়েছে।
- বন্যা পরবর্তী পানিবাহিত রোগের প্রাদুর্ভাব রোধ করতে সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার জন্য বলা হয়েছে।
- দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ে কন্ট্রোল রুম সার্বক্ষণিক চালু রয়েছে। তথ্য ও সহযোগিতার জন্য ০২৫৫১০১১১৫ নম্বর চালু রয়েছে।
- সাম্প্রতিক ভয়াবহ বন্যায় ক্ষতিগ্রস্তদের সাহায্য-সহায়তা প্রদানের জন্য আগ্রহী ব্যক্তিগণ প্রধান উপদেষ্টার ত্রাণ ও কল্যাণ তহবিলের একাউন্টে সহায়তার অর্থ প্রেরণ করতে পারেন: হিসাবের নাম: 'প্রধান উপদেষ্টার ত্রাণ ও কল্যাণ তহবিল', ব্যাংক: সোনালী ব্যাংক কর্পোরেট শাখা, প্রধান উপদেষ্টার কার্যালয়, হিসাব নম্বর : ০১০৭৩৩৩০০৪০৯৩। *সূত্র - প্রধান উপদেষ্টার প্রেস সচিব। তারিখ : ২৩ আগস্ট ২০২৪*
- এছাড়াও যারা ব্যক্তিগতভাবে উপস্থিত হয়ে প্রধান উপদেষ্টার ত্রাণ তহবিলে সহায়তা (চেক/পে-অর্ডার/ব্যাংক ড্রাফ্‌ট এর মাধ্যমে) প্রদান করতে চান মাননীয় প্রধান উপদেষ্টার পক্ষে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের মাননীয় উপদেষ্টা সরকারী ছুটি ব্যতীত প্রতিদিন বিকাল ০৩ টা থেকে ০৪টা পর্যন্ত দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ে উপদেষ্টার কার্যালয়ে এই সহায়তা গ্রহণ করবেন।

যারা ত্রাণ তহবিলে সহায়তা (চেক/পে-অর্ডার/ব্যাংক ড্রাফ্‌ট এর মাধ্যমে) প্রদান করতে ইচ্ছুক তাদেরকে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের যুগ্ম-সচিব জনাব অঞ্জন চন্দ্র পাল (মোবাঃ +৮৮-০১৭১৮-০৬৬৭২৫)/ সিনিয়ার সহকারী সচিব জনাব শরিফুল ইসলাম (মোবাঃ +৮৮-০১৮১৯২৮১২০৮) এর সাথে যোগাযোগ করার অনুরোধ করা যাচ্ছে।

৬। অগ্নিকান্ড সম্পর্কিত তথ্যঃ

(ক) ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষের তথ্য (মোবাইল এসএমএস) থেকে জানা যায়, ২৯ আগস্ট, ২০২৪ খ্রিঃ তারিখ রাত ১২.০০টা থেকে ৩০ আগস্ট, ২০২৪ খ্রিঃ তারিখ রাত ১২.০০ টা পর্যন্ত সারাদেশে মোট ১৩ টি অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে। বিভাগ ভিত্তিক অগ্নিকান্ডে নিহত ও আহতের সংখ্যা নিম্নরূপ:

ক্রঃ নং	বিভাগের নাম	অগ্নিকান্ডের সংখ্যা	আহতের সংখ্যা	নিহতের সংখ্যা
১।	ঢাকা	২	০	০
২।	ময়মনসিংহ	৩	০	০
৩।	বরিশাল	০	০	০
৪।	সিলেট	০	০	০
৫।	রাজশাহী	২	০	০
৬।	চট্টগ্রাম	০	০	০
৭।	খুলনা	৩	০	০
৮।	রংপুর	৩	০	০
	মোট	**১৩**	**০**	**০**

০১-০৯-২০২৪
জাহিদ হাসান
ভারপ্রাপ্ত কর্মকর্তা
৮৮০-৫৮৮১১৬৫১ (ফোন)
৮৮০-২-৯৮৯১৯২৬ (ফ্যাক্স)
controlroom.ddm@gmail.com

ভারপ্রাপ্ত কর্মকর্তা-১, এনডিআরসিসি অনুবিভাগ , দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।

স্মারক নম্বর:

তারিখ: ১৭ ভাদ্র ১৪৩১ বঙ্গাব্দ
০১ সেপ্টেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ সচিব-এঁর দপ্তর, মন্ত্রিপরিষদ বিভাগ ;

২। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, প্রধানমন্ত্রীর কার্যালয়;

৩। সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, প্রধানমন্ত্রীর কার্যালয়;

৪। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়;

৫। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ;

৬। মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর;

৭। বিভাগীয় কমিশনার (সকল);

৮। পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।;

৯। জেলা প্রশাসক (সকল);

১০। উপ-পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর;

১১। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর;

১২। প্রোগ্রামার (চলতি দায়িত্ব), আইসিটি শাখা, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর এবং

১৩। সহকারী পরিচালক (সকল)।

০১-০৯-২০২৪
জাহিদ হাসান
ভারপ্রাপ্ত কর্মকর্তা